



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.২৭০০.০১৭.২৭.০০৩.১৫-৬৫

তারিখ: ০৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
২০ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম আজাদ এর বিরুদ্ধে ভিজিডি'র কার্ড প্রকৃত কার্ডধারীদের না দিয়ে জনৈক ফারুক হোসেন নামে অন্য ব্যক্তিকে প্রদান, জাতীয় পরিচয়পত্র ও ছবি পরিবর্তন করে অন্য ব্যক্তির নামে চাল প্রদান, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, দিনাজপুর বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম আজাদ এর বিরুদ্ধে ভিজিডি'র কার্ড প্রকৃত কার্ডধারীদের না দিয়ে জনৈক ফারুক হোসেন নামে অন্য ব্যক্তিকে প্রদান, জাতীয় পরিচয়পত্র ও ছবি পরিবর্তন করে অন্য ব্যক্তির নামে চাল প্রদান, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম আজাদ কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.২৭০০.০১৭.২৭.০০৩.১৫-৬৫


তারিখ: ০৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
২০ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: আবুল কালাম আজাদ, ইউপি সদস্য, ০৮নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ০১নং বুলাকীপুর ইউনিয়ন পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব